# মডেল টেস্ট– ৭

## বিষয় : বাংলা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**নিচের কবিতাংশ পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

এই যে নদী
নদীর জোয়ার
নৌকা সারে সারে,
একলা বসে আপন মনে
বসে নদীর ধারে–
এই ছবিটি চেনা।
মনের মধ্যে যখন খুশি
এই ছবিটি আঁকি,
এক পাশে তার জারুল গাছে
দুটি হলুদ পাখি–
এমনি পাওয়া এই ছবিটি
কড়িতে নয় কেনা।
মাঠের পরে মাঠ চলেছে
নেই যেন এর শেষ
নানা কাজের মানুষগুলো
আছে নানান বেশ।
মাঠের মানুষ যায় মাঠে আর
হাটের মানুষ হাটে।
দেখে দেখে একটি ছেলের
সারাটি দিন কাটে।

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) কবিতাংশটি যে বিষয় নিয়ে লেখা তা হলো–
ⓚ স্বদেশের সৌন্দর্য ⓚ নদীর সৌন্দর্য
ⓖ মাঠের সবুজ ধান ⓖ বিচিত্র মানুষ

(ii) দুটি হলুদ পাখি কোথায় ছিল?
ক লিচু গাছে খ জারুল গাছে
গ আম গাছে ঘ জাম গাছে

(iii) ছেলেটির সারাদিন কীভাবে কাটে?
ক খেলাধুলা করে

Teachingbd.com

(খ) মাঠের মানুষ আর হাটের মানুষ দেখে
(গ) পড়াশোনা করে
(ঘ) বন্ধুদের সঙ্গে গল্পগুজব করে

(iv) নদীর তীরে সারি সারি কী রাখা ছিল?
(ক) জেলেদের জাল (খ) গাছের গুঁড়ি
(গ) খড়ের গাদা (ঘ) নৌকা

(v) 'স্বদেশ' কবিতায় ছেলেটি কীভাবে তার ছবি আঁকে?
(ক) রং তুলি দিয়ে (খ) রং তুলি ছাড়া
(গ) নিজের মনের মধ্যে (ঘ) মা-বাবার সহযোগিতা নিয়ে

২। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ : ১+২+২ = ৫

(ক) গ্রাম বাংলার কোন ছবিটি আমাদের চেনা?

(খ) কোন ছবিটি টাকা দিয়ে কেনা যায় না?

(গ) মাঠের মানুষ কোথায় যায়? এদেশের মাঠগুলো কেমন?

৩। প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ : ১ × ৫ = ৫

(ক) কড়ি; (খ) জোয়ার; (গ) শিল্পী; (ঘ) পাখপাখালি; (ঙ) হাট।

৪। প্রদত্ত কবিতাংশটির মূলভাব লেখ : ৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

১৯৭১ সালের পঁচিশে মার্চ কালরাতে পাকিস্তানি সামরিক জান্তা কামান, ট্যাংক, মেশিনগান নিয়ে অতর্কিত হামলা চালায় বাংলার নিরীহ জনতার ওপর। পুলিশ, সৈনিকসহ হাজার হাজার ঘুমন্ত মানুষ প্রাণ হারায় সে রাতে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে শুরু হয়ে যায় মুক্তিযুদ্ধ। বাঙালিরা ঝাঁপিয়ে পড়ে স্বাধীনতার মরণপণ সংগ্রামে। সারা বাংলাদেশ তখন রণক্ষেত্র। পাকিস্তানি হানাদার বাহিনীকে যেভাবেই হোক পরাজিত করতে হবে। শত্রুমুক্ত করতে হবে বাংলাদেশকে। অর্জন করতে হবে স্বাধীনতা। কৃষক, শ্রমিক, সৈনিক যোগ দিচ্ছেন মুক্তিযুদ্ধে। মুক্তিযোদ্ধাদের মধ্যে জীবন বাজি রেখে সেদিন লড়াই করেছিলেন বীরশ্রেষ্ঠ– মহিউদ্দিন জাহাঙ্গীর, মোস্তফা কামাল, হামিদুর রহমান, মোহাম্মদ রুহুল আমিন, মতিউর রহমান, মুন্সী আবদুর রউফ এবং নূর মোহাম্মদ শেখ। তাঁদের মতো মানুষদের জীবনের বিনিময়ে আমরা পেয়েছি স্বাধীন বাংলাদেশ। বীরশ্রেষ্ঠরা এক মহান বীরগাথার অনুপম রচয়িতা। স্বাধীনতার জন্য জীবন উৎসর্গ করতে হয়, এই দৃষ্টান্তই স্থাপন করে গেছেন তাঁরা।

http://teachingbd.com

৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) অনুচ্ছেদটিতে কোন বিষয় সম্পর্কে বলা হয়েছে?
ক) উনসত্তরের গণঅভ্যুত্থান
খ) বায়ান্নর ভাষা আন্দোলন
গ) বাঙালির স্বাধীনতা অর্জন
ঘ) স্বৈরাচার বিরোধী আন্দোলন

(ii) মুক্তিযুদ্ধের মাধ্যমে আমাদের শ্রেষ্ঠ অর্জন কী?
ক) স্বাধীনতা লাভ
খ) সাংস্কৃতিক মুক্তি
গ) অর্থনৈতিক মুক্তি
ঘ) রাজনৈতিক ক্ষমতা লাভ

(iii) মুক্তিযুদ্ধে বীরশ্রেষ্ঠ উপাধি দেওয়া হয় কয়জনকে?
ক) ছয়জন
খ) সাতজন
গ) আটজন
ঘ) নয়জন

(iv) 'রণক্ষেত্র' অর্থ কী?
ক) বীরত্ব
খ) যুদ্ধের ময়দান
গ) যুদ্ধের অস্ত্র
ঘ) বড় মাঠ

(v) মোহাম্মদ শব্দে 'ম্ম' যুক্ত বর্ণটিতে নিচের কোন বর্ণগুলো রয়েছে?
ক) ম্ + ন (ন-ফলা)
খ) ম্ + ণ
গ) ম্ + স
ঘ) ম্ + ম (ম-ফলা)

৬। নিচে কয়েকটি শব্দ এবং শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বসিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ কর : ১ × ৫ = ৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| অতর্কিত | হঠাৎ |
| উৎসর্গ | মহৎ উদ্দেশ্যে কোনো কিছু দান |
| রচয়িতা | যিনি রচনা করেন |
| দৃষ্টান্ত | উদাহরণ |
| বীরগাথা | বীরত্বের গুণকীর্তন সংবলিত কবিতা বা গান |
| বিনিময় | আদান-প্রদান |

(ক) দেশের জন্য জীবন ——— করার চেয়ে বড় কিছু নেই।
(খ) মিনি ——— আমার সামনে এসে দাঁড়াল।
(গ) দুই বান্ধবী উপহার ——— করল।
(ঘ) ——— ব্যবহার করলে কোনো কিছু সহজেই বোঝা যায়।
(ঙ) 'আমাদের ছোট নদী' কবিতাটির ——— রবীন্দ্রনাথ ঠাকুর।

http://teachingbd.com

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ৫ × ৩ = ১৫

(ক) বাঙালির কাছে কোন রাতটি কালরাত হিসেবে পরিচিত? ঐ রাতে কী ঘটে? চারটি বাক্যে লেখ।

(খ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানের পর বাঙালিরা কী করে? পাঁচটি বাক্যে লেখ।

(গ) কতজন মুক্তিযোদ্ধাকে বীরশ্রেষ্ঠ উপাধিতে ভূষিত করা হয়? চারজন বীরশ্রেষ্ঠের নাম লেখ।

৮। নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও এবং বাক্যে প্রয়োগ কর : ২×৫=১০

(ক) ন্ধ; (খ) শ্ব; (গ) হ্ন; (ঘ) ষ্ম; (ঙ) শ্চ।

৯। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ : ৫

দুরন্ত এক কিশোর নাম নূর মোহাম্মদ শেখ বাবা মায়ের একমাত্র সন্তান নাটক থিয়েটার আর গানের প্রতি তার প্রবল অনুরাগ কিশোর বয়সে হঠাৎ করে তার বাবা মা মারা গেলেন

১০। এককথায় প্রকাশ কর : ১ × ৫ = ৫

(ক) প্রত্ন সম্পর্কিত যে তত্ত্ব

(খ) অনেক মানুষের এক সাথে কোথাও বসবাস

(গ) ছাপ দ্বারা অঙ্কিত হয়েছে এমন

(ঘ) অন্ত নেই যার

(ঙ) অন্তরের খবর রাখেন বা জানেন যিনি

*অথবা,* নিচের ক্রিয়াপদগুলোর চলিত রূপ লেখ :

(ক) বলিতেছিলাম; (খ) পালাইয়া; (গ) থাকিলেন; (ঘ) করিয়াছিল; (ঙ) আসিলাম।

১১। প্রদত্ত শব্দগুলোর বিপরীত শব্দ লেখ : ১ × ৫ = ৫

(ক) অচেনা; (খ) যত্ন; (গ) কাঁচা; (ঘ) দুর্গন্ধ; (ঙ) মূর্খ।

*অথবা,* প্রদত্ত শব্দগুলোর সমার্থক শব্দ লেখ :

(ক) রোল; (খ) আকাঙ্ক্ষা; (গ) রক্ষী; (ঘ) তেষ্টা; (ঙ) প্রতিজ্ঞা।

১২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) কবিতার লাইনগুলো পর পর সাজিয়ে লেখ : ৬

বাংলা আমার মায়ের ভাষা
মনের কথা কই।
ফেব্রুয়ারির গান।
আমার ভাইয়ের রক্তে লেখা
মায়ের মুখের মধুর ভাষায়
শহিদ ছেলের দান

(খ) কবিতাংশটুকু কোন কবিতার অংশ তা লেখ। ১

(গ) কবিতাটির কবির নাম কী? ১

(ঘ) 'শহিদ ছেলের দান'— বলতে কী বোঝানো হয়েছে? ২

Teachingbd.com

১৩। মনে কর, তোমার নাম নদী/পলাশ। তুমি ঢাকা আদর্শ প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ছাত্রী/ছাত্র। তুমি তোমার বিদ্যালয়ের পাঠাগারের সদস্য হতে চাও। সদস্য হওয়ার জন্য একটি আবেদন ফরম পূরণ কর : ৫

**ঢাকা আদর্শ প্রাথমিক বিদ্যালয়**
**পাঠাগার সদস্য ফরম**

১. শিক্ষার্থীর নাম :
২. মাতার নাম :
৩. পিতার নাম :
৪. শ্রেণি :
৫. ক্রমিক নং :

১৪। মনে কর, তোমার নাম সোহেল আরমান। তুমি মনাইরকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে পড়। এখন, টিফিনের পর ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ। ৫

*অথবা,* মনে কর, তুমি ইমতিয়াজ। তোমার বন্ধু শাহ্নেওয়াজ। এখন তোমার বিদ্যালয়ের বিগত স্বাধীনতা দিবস উদ্‌যাপনের বর্ণনা দিয়ে তার কাছে একটি পত্র লেখ।

১৫। নিচের যেকোনো **একটি** বিষয় নিয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ : ১০

(ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান : ভূমিকা – জন্ম – শিক্ষা – নেতৃত্ব – বাংলার মানুষের পরম বন্ধু – স্বাধীনতার মহানায়ক – মৃত্যু – উপসংহার।

(খ) বাংলাদেশের মুক্তিযুদ্ধ : ভূমিকা – পাকিস্তানি শাসকগোষ্ঠীর শোষণ-বৈষম্য – সশস্ত্র মুক্তিযুদ্ধের পূর্ববর্তী আন্দোলন – মুক্তিযুদ্ধের মুখে বাঙালি জাতি – মুক্তিযুদ্ধ ও বিজয় – উপসংহার।

(গ) তোমার প্রিয় ফুল : শাপলা : ভূমিকা – বর্ণনা – শাপলা ফুলের রূপ-সৌন্দর্য – উপকারিতা – উপসংহার।

(ঘ) দৈনন্দিন জীবনে বিজ্ঞান : ভূমিকা – বিজ্ঞানের ক্রমোন্নতি – বিভিন্ন ক্ষেত্রে বিজ্ঞান – জননিরাপত্তায় বিজ্ঞান – আবিষ্কার – অপকারিতা – উপসংহার।

---

## মডেল টেস্ট - ৭ এর উত্তরমালা

১। (i) ⓚ স্বদেশের সৌন্দর্য; (ii) ⓚ জারুল গাছে; (iii) ⓚ মাঠের মানুষ আর হাটের মানুষ দেখে; (iv) ⓖ নৌকা; (v) ⓚ রং তুলি ছাড়া।

২। (ক) শস্য-শ্যামল আর নদী আঁকা গ্রাম বাংলার ছবিটি আমাদের চেনা।

(খ) সুজলা, সুফলা, শস্য-শ্যামল আমাদের এই বাংলাদেশ। এ দেশের মাঠে মাঠে নানা ধরনের ফসল, গাছে গাছে পাখপাখালি, আঁকাবাঁকা অসংখ্য বহতা নদী, আর বন-পাহাড়ের অপরূপ সৌন্দর্যের ছবি শিল্পী রং-তুলি দিয়ে আঁকেন। শিল্পীর আঁকা এসব ছবি কখনো কখনো বিক্রি হয়। অনেক দাম দিয়ে অনেকে কিনে নেন। কিন্তু শান্ত-শ্যামল প্রকৃতির মনজুড়ানো ছবিটি টাকা দিয়ে কেনা যায় না।

http://teachingbd.com

(গ) মাঠের মানুষ মাঠে যায়।
এদেশের মাঠগুলো দিগন্ত জোড়া এবং সুবিস্তৃত। মাঠের সৌন্দর্য আর ফসলের দিকে তাকালে মন জুড়িয়ে যায়।

৩। (ক) এক ধরনের ছোট্ট সাদা ঝিনুক; (খ) উন্নতি; (গ) যিনি কোনো শিল্পকলার চর্চা করেন তিনিই শিল্পী; (ঘ) নানা ধরনের পাখি; (ঙ) কেনাবেচার স্থান।

৪। বাংলাদেশের প্রকৃতি ও মানুষের জীবনযাত্রার ছবি আলোচ্য কবিতাংশে তুলে ধরা হয়েছে। বাংলাদেশ নদীমাতৃক দেশ। এদেশের প্রকৃতি ও মানুষের জীবনযাত্রা যেন এক সুতায় গাঁথা। বন, পাহাড়, নদী, সমুদ্র সব মিলে এদেশ একটি ছবির মতন। নদীর জোয়ার, নদীতীরে বেঁধে রাখা নৌকার সারি, গাছে গাছে পাখির কলকাকলি এদেশের মানুষের মনে নিজ দেশের জন্য মায়া-মমতা ও ভালোবাসার যে অনুভূতি জোগায়, তা অতুলনীয়।

৫। (i) ⓖ বাঙালির স্বাধীনতা অর্জন; (ii) ⓚ স্বাধীনতা লাভ; (iii) ⓚ সাতজন; (iv) ⓚ যুদ্ধের ময়দান; (v) ⓖ ম্ + ্ম (ম-ফলা)।

৬। (ক) উৎসর্গ; (খ) অতর্কিতে; (গ) বিনিময়; (ঘ) দৃষ্টান্ত; (ঙ) রচয়িতা।

৭। (ক) ১৯৭১ সালের পঁচিশে মার্চ রাতটি বাঙালির কাছে কালরাত হিসেবে পরিচিত। পাকিস্তানি সামরিক বাহিনী বাঙালিদের ওপর অতর্কিতে ঝাঁপিয়ে পড়ে। অত্যাধুনিক মারণাস্ত্রের মাধ্যমে তারা ঘুমন্ত নিরীহ মানুষের ওপর বর্বর হত্যাকাণ্ড চালায়। হাজার হাজার সাধারণ মানুষ নিহত হয় সেই রাতে। পঁচিশে মার্চের বিভীষিকাময় সেই রাতটি তাই কালরাত হিসেবে চিহ্নিত হয়ে আছে।

(খ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালিকে মুক্তিযুদ্ধের আহ্বান জানান। তাঁর আহ্বানে সাড়া দিয়ে বাঙালিরা ঝাঁপিয়ে পড়ে মুক্তিযুদ্ধে। সর্বস্তরের জনতা দেশকে শত্রুমুক্ত করতে ঐক্যবদ্ধ হয়। সারা দেশ তখন এক রণক্ষেত্রে রূপ লাভ করে। এভাবেই বঙ্গবন্ধুর আহ্বানে নয় মাস যুদ্ধ করে বাঙালিরা বিজয় অর্জন করে।

(গ) সাতজন মুক্তিযোদ্ধাকে বীরশ্রেষ্ঠ উপাধিতে ভূষিত করা হয়। নিম্নে চারজন বীরশ্রেষ্ঠের নাম উল্লেখ করা হলো :
১. বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীর
২. বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল
৩. বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান
৪. বীরশ্রেষ্ঠ মোহাম্মদ রুহুল আমিন

৮।

| প্রদত্ত যুক্তবর্ণ | বিভাজন | বাক্য |
|---|---|---|
| (ক) দ্ধ | দ্ + ধ | ভুল বানানটি শুদ্ধ করে লেখ। |
| (খ) শ্ব | শ্ + ্ব (ব-ফলা) | মানুষ বিশ্বাস করে বলেই সফল হয়। |
| (গ) হ্ন | হ্ + ন | চাঁদের বুকে পড়েছে নভোযাত্রীর পদচিহ্ন। |
| (ঘ) ল্প | ল্ + প | আল্পস পর্বতমালা ইউরোপ মহাসাগরে অবস্থিত। |
| (ঙ) শ্চ | শ্ + চ | সাহসীদের জয় সুনিশ্চিত। |

৯। সাজেশনস ও উত্তরমালার বিরামচিহ্ন অংশের ৭ নং উত্তর দ্রষ্টব্য।

১০। (ক) প্রত্নতত্ত্ব; (খ) জনপদ; (গ) ছাপাঙ্কিত; (ঘ) অনন্ত; (ঙ) অন্তর্যামী।
*অথবা,* (ক) বলছিলাম; (খ) পালিয়ে; (গ) থাকলেন; (ঘ) করছিল; (ঙ) এলাম।

১১। (ক) চেনা; (খ) অযত্ন; (গ) পাকা; (ঘ) সুগন্ধ; (ঙ) জ্ঞানী।
*অথবা,* (ক) চিৎকার; (খ) ইচ্ছা; (গ) প্রহরী; (ঘ) তৃষ্ণা; (ঙ) শপথ।

http://teachingbd.com